গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
উন্নয়ন-২ শাখা
www.mor.gov.bd

বিষয়ঃ **কালুরঘাট সেতুর সংস্কার কাজ বাস্তবায়নের স্বার্থে ফেরী সার্ভিস চালুর বিষয়ে রেলপথ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. মোঃ হুমায়ুন কবীর<br>সচিব, রেলপথ মন্ত্রণালয় |
| তারিখ | : | ৩০.০৪.২০২৩ |
| স্থান | : | রেলপথ মন্ত্রণালয়ের সভা কক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট “ক” সংযুক্ত |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভার উদ্দেশ্য ও পটভূমি সংক্ষেপে আলোচনা করেন। অত:পর তিনি বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাকে সভার বিষয়বস্তু উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

২.০ আলোচনা:

২.১ পরিচালক (প্রকৌশল), বাংলাদেশ রেলওয়ে উল্লেখ করেন যে, চট্টগ্রাম জেলার বোয়ালখালী উপজেলায় কর্ণফুলি নদীর উপর অবস্থিত কালুরঘাট রেলওয়ে সেতুটি (সেতু নং সিডি-১০) ১৯৩০ সালে নির্মিত হয় এবং ১৯৩১ সালে চট্টগ্রাম-দোহাজারী সেকশনে ট্রেন চলাচলের জন্য তা উন্মুক্ত করা হয়। পরবর্তীতে ১৯৬২ সালে সেতুটির ডেকিং পরিবর্তনের মাধ্যমে সড়ক যোগাযোগ সুবিধা সংযোজন করে এটিকে রেল-কাম-রোড সেতুতে রূপান্তর করা হয়। প্রায় শতবর্ষী পুরাতন এ সেতুটির উপর দিয়ে বর্তমানে সর্বোচ্চ ১০ টন ওজনের যানবাহন চলাচলের অনুমতি দেয়া আছে। কিন্তু রেল ও সড়ক যোগাযোগে সেতুটির গুরুত্ব ও বর্তমান নাজুক অবস্থা বিবেচনায় নিয়ে দ্রুত সেতুটি মেরামতের প্রয়োজন। এ লক্ষ্যে ইতোমধ্যে দরপত্র আহ্বান করা হয়েছে এবং জুন-সেপ্টেম্বর, ২০২৩-এর মধ্যে সংস্কার কাজ সম্পন্ন করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

২.২ মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে বলেন যে, “দোহাজারী হতে কক্সবাজার পর্যন্ত রেললাইন নির্মাণ”-শীর্ষক প্রকল্পের অধীনে নির্মিতব্য রেললাইন সেপ্টেম্বর ২০২৩ এ শুভ উদ্বোধনের পরিকল্পনা রয়েছে। আলোচ্য কালুরঘাট সেতুর সংস্কারকাজ উক্ত সময়ের পূর্বেই সমাপ্ত করে সেতুটির ভারবহন ক্ষমতা বৃদ্ধি করে তা ঢাকা-চট্টগ্রাম-দোহাজারী-কক্সবাজার রুটে ট্রেন চলাচলের উপযোগী করতে হবে। সেক্ষেত্রে সংস্কারকাজ চলাকালীন সেতুটির উপর দিয়ে বর্তমানে চলাচলকারী মোটরযান ও অন্যান্য যানবাহন পারাপারের বিকল্প ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক হয়ে পড়েছে।

২.৩ সভাপতি সেতুটির কৌশলগত গুরুত্ব বিবেচনায় নিয়ে জুন ২০২৩ এর মধ্যে ঠিকাদার নিয়োগের মাধ্যমে সেতুটির সংস্কার কাজ শুরু করে সেপ্টেম্বর ২০২৩ এর মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। তিনি সংস্কার কার্যক্রম চলাকালে যানবাহন ও জনগণ চলাচলের বিকল্প ব্যবস্থা গ্রহণে করণীয় বিষয়ে মতামত প্রদানের জন্য সংশ্লিষ্টদের আহ্বান জানান।

২.৪ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, বাংলাদেশ রেলওয়ের অনুরোধের প্রেক্ষিতে সংস্কারকালীন সময়ে কালুরঘাট সেতুর উপর দিয়ে চলাচলকারী যানবাহন বিকল্প উপায়ে পারাপারের লক্ষ্যে ইতোমধ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হয়েছে এবং ফেরী অপারেশনের যাবতীয় প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। এলক্ষ্যে সেখানে ৩টি ফেরি ও ২টি পন্টুন নিয়ে যাওয়া হয়েছে। যানবাহন পারাপারের জন্য সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সার্বিক তত্ত্বাবধানে ২টি ফেরী চালু থাকবে ও ১টি ফেরী রিজার্ভ থাকবে। তিনি আরও বলেন যে, রেলপথ মন্ত্রণালয় হতে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে পত্র প্রেরণ করা হলে ফেরী সার্ভিস অপারেশনের বিষয়টি আরও তরান্বিত হতে পারে। সভাপতি সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক এ বিষয়ে ইতোমধ্যে গৃহীত উদ্যোগের জন্য ধন্যবাদ জ্ঞাপন করে বলেন যে, জাতীয় স্বার্থে সংশ্লিষ্ট সকলের সহযোগিতায় আলোচ্য সেতুর সংস্কার কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে।

২.৫ চেয়ারম্যান, বিআইডাব্লিউটিসি কালুরঘাট সেতু সংস্কারকালীন সময়ে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক যানবাহন পরিবহনের জন্য ফেরী অপারেশনের উদ্যোগকে ইতিবাচক হিসেবে উল্লেখ করে বলেন যে, এ বিষয়ে সার্বিক সমন্বয়ের মাধ্যমে সংস্কার কাজটি সম্পন্ন করা যেতে পারে।

২.৬ বিআইডাব্লিউটিএ-এর প্রতিনিধি সংস্কার কাজ চলাকালীন সময়ে কালুরঘাট সেতুর নীচ দিয়ে চলাচলকারী জাহাজ ও অন্যান্য নৌযানের নেভিগেশন চ্যানেল ঠিক রাখার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি সভাকে অবহিত করেন যে, সংস্কার কাজ চলাকালীন সময়ে বিআইডাব্লিউটিএ-এর স্থানীয় অফিসের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করা হলে তারা নির্ধারিত স্থানে বয়া স্থাপনের মাধ্যমে তাদের নেভিগেশন চ্যানেল ঠিক রেখে উক্ত অঞ্চলে চলাচলকারী নৌযানের গতিপথ নির্বিঘ্ন রাখতে সক্ষম হবেন। সভায় বাংলাদেশ রেলওয়ের প্রধান প্রকৌশলী (পূর্ব)-কে সংস্কার কাজ দ্রুততর করার স্বার্থে বিআইডাব্লিউটিএ-এর স্থানীয় অফিসের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

২.৭ সভাপতি সংস্কার কাজ শুরুর পূর্বে অর্থাৎ কালুরঘাট সেতুর উপর দিয়ে যানবাহন চলাচল বন্ধ ঘোষণা করার পূর্বে স্থানীয় জেলা প্রশাসনের উদ্যোগে একটি সভা আয়োজন করে সার্বিক বিষয়টি সমন্বয়সহ স্থানীয় জনগণকে অবহিত করার লক্ষ্যে ব্যাপক প্রচারের উপর গুরুত্ব আরোপ করেন।

৩.০ বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৩.১ ঠিকাদার প্রতিষ্ঠান নিয়োগ করে ১৫ সেপ্টেম্বর, ২০২৩ এর মধ্যে কালুরঘাট সেতুর সংস্কার কাজ সম্পন্ন করতে হবে;

৩.২ দ্রুততম সময়ের মধ্যে ফেরী সার্ভিস চালুর প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগকে অনুরোধ জানাতে হবে;

৩.৩ বিআইডাব্লিউটিএ-এর স্থানীয় অফিসের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করে উক্ত অঞ্চলে চলাচলকারী নৌযানের নেভিগেশন চ্যানেল নির্বিঘ্ন রাখতে হবে। স্থানীয় পত্রিকায় প্রচারণাসহ সেতুর দুই প্রান্তে বড় আকারের ব্যানার টানানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। নির্মাণকাজ শুরুর সার্বিক প্রস্তুতি গ্রহণসহ উক্ত কার্যক্রম চলাকালে বাংলাদেশ রেলওয়ের প্রধান প্রকৌশলী (পূর্ব) সংশ্লিষ্ট সকলের সাথে যোগাযোগ ও সমন্বয় সাধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন; এবং

৩.৪ কালুরঘাট সেতুর উপর দিয়ে যানবাহন চলাচল বন্ধ ঘোষণা করার পূর্বে স্থানীয় জেলা প্রশাসনের উদ্যোগে একটি সভা আয়োজন করে সার্বিক বিষয়টি সমন্বয়সহ স্থানীয় জনগণকে অবহিত করার লক্ষ্যে ব্যাপক প্রচারের উদ্যোগ গ্রহণ করতে হবে।

৪.০ সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. মোঃ হুমায়ুন কবীর)
সচিব

অদ্য ৩০.০৪.২০২৩ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় রেলপথ মন্ত্রণালয়ের আওতায় কালুরঘাট সেতু (সেতু নং সিডি-১০) এর সংস্কার কাজ বাস্তবায়নের স্বার্থে ফেরী সার্ভিস চালুর লক্ষ্যে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ

| ক্র: নং | কর্মকর্তাগণের নাম ও পদবী | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা | মোবাইল/ ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | মো: কামরুল আহসান<br>মহাপরিচালক | বাংলাদেশ রেলওয়ে | ০১৭১১৫০৫৩৮-৬ | [signature] ৩০/৪/২০২৩ |
| ২. | এস. এম. ফেরদৌস আলম<br>চেয়ারম্যান | BIWTC | 01781749979 | [signature] 30/4/2023 |
| ৩. | মোহা: আমিনুর রহমান<br>উপসচিব | নৌপরিবহন মন্ত্রণালয় | 01711-486460 | [signature] ৩০/০৪/২৩ |
| ৪. | এস এম আশিকুজ্জামান | BIWTC | 01711868069 | [signature] 30.04.2023 |
| ৫. | মো: শহীদুল ইসলাম<br>পরিচালক (কার্য) | রেলওয়ে | ০১৭১১৫০৫৬০১ | [signature] ৩০.০৪.২৩ |
| ৬. | মো: সবুর খান<br>যুগ্ম-পরিচালক, বিআইডব্লিউটিএ চট্টগ্রাম | BIWTA | 01712844309 | [signature] ৩০.০৪.২৩ |
| ৭. | মো. ইয়াসীন<br>অতিরিক্ত সচিব | MOR | | [signature] ৩০/৪/২৩ |
| ৮. | [illegible] সিদ্দিক চৌধুরী<br>যুগ্মসচিব | MOR | | [signature] |
| ৯. | [illegible] আহমদ<br>যুগ্মসচিব | MOR | | [signature] |
| ১০. | শাহ ইমাম আলী রেজা<br>JS | MOR | | [signature] ৩০/৪/২৩ |

| ক্র: নং | কর্মকর্তাগণের নাম ও পদবী | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা | মোবাইল/ ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১১. | মো: আবু জাফর মিয়া প্রধান প্রকৌশলী / পূর্ব চট্টগ্রাম | BR | 01711506101 | [signature] |
| ১২. | মো: হামিদুর রহমান অতি: প্রধান প্রকৌশলী (সেতু)/ পূর্ব | BR | 01711691530 | [signature] |
| ১৩. | মোহাম্মদ মহিউদ্দিন আহমেদ পরিচালক, প্রকৌশল | BR | 01711691057 | [signature] |
| ১৪. | টিটন পাল সিনিয়র সহকারী সচিব | RTHD | 01726655423 | [signature] |
| ১৫. | মো: মফিজ উদ্দিন আহমদ চৌধুরী ADG/RS | BR | 01711505302 | [signature] |
| ১৬. | এ এস এম সালাহ উদ্দীন কর্মকর্তা (রেলপথ) | বি আর | ০১৭১২৫০৬২২৮ | [signature] |
| ১৭. | মো: সাইফুর রহমান উপসচিব (উ:-২) | MOR | 01712727451 | [signature] |
| ১৮. | | | | |
| ১৯. | | | | |
| ২০. | | | | |